Onu Research Journal, Volume-01, Issue-01
Rajshahi College Research Community (RCRC), Rajshahi College

# দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি ও নিম্নআয়ের জনগোষ্ঠীর জীবনযাত্রার মান: একটি সমাজবিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ

**গবেষক:**
মো:মশিউর রহমান মিশুক[১]*, মো:তারেক আহমেদ[১], আনিকা বুশরা[১], মো: সাইন রেজা[১]

**তত্ত্বাবধায়ক:**
ড. ওয়াসীম মোঃ মেজবাহুল হক[২]

[১]সম্মান, অর্থনীতি, রাজশাহী কলেজ
[২]অধ্যাপক, অর্থনীতি, রাজশাহী কলেজ

*যোগাযোগ
01889431497
moshiurmishuk473@gmail.com

## সারসংক্ষেপ

এই গবেষণায় বাংলাদেশের নিম্নআয়ের জনগোষ্ঠীর জীবনযাত্রায় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রভাব বিশ্লেষণ করা হয়েছে। ১৩২ জন উত্তরদাতার পরিমাণগত তথ্যের ওপর ভিত্তি করে গবেষণাটি পরিচালিত হয়। ফলাফল নির্দেশ করে যে, প্রায় ৯৫% অংশগ্রহণকারী মূল্যস্ফীতির দ্বারা সরাসরি প্রভাবিত, যার ফলে খাদ্যগ্রহণ, স্বাস্থ্যসেবা, শিক্ষা ও সামাজিক সুরক্ষা খাতে নেতিবাচক প্রভাব পড়েছে। মাত্র ৩২% উত্তরদাতা সরকারি সহায়তা পান এবং তাদের অধিকাংশই এটিকে অপর্যাপ্ত মনে করেন। গবেষণার ফলাফল থেকে প্রতীয়মান হয় যে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি কেবল অর্থনৈতিক সমস্যা নয়, বরং এটি সমাজে শ্রেণিবৈষম্য ও সামাজিক অস্থিরতার ঝুঁকি বৃদ্ধি করছে।

***মূলশব্দ:*** দ্রব্যমূল্য, জীবনযাত্রার মান, নিম্নআয়, বৈষম্য, সামাজিক সুরক্ষা

## ভূমিকা

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি উন্নয়নশীল দেশগুলোর জন্য এক গভীর উদ্বেগের বিষয় হয়ে উঠেছে। বাংলাদেশের প্রেক্ষাপটে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বৃদ্ধি নিম্নআয়ের জনগোষ্ঠীর জীবনযাত্রায় সরাসরি প্রভাব ফেলছে, যা তাদের খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্যসেবা ও শিক্ষার সুযোগকে সীমিত করছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS, 2023) তথ্যমতে, ২০২৩ সালে খাদ্যপণ্যের মূল্যস্ফীতি ১০.৩ শতাংশে পৌঁছেছে, যা বিগত কয়েক বছরের মধ্যে সর্বোচ্চ। সেন্টার ফর পলিসি ডায়ালগ (CPD, 2023) এর এক সমীক্ষায় দেখা যায় যে, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে নিম্নআয়ের পরিবারগুলো তাদের খাদ্যগ্রহণের পরিমাণ ও মান উভয়ই হ্রাস করতে বাধ্য হয়েছে। তদুপরি, স্বাস্থ্যসেবা, শিক্ষা ও বাসস্থানের ব্যয়ও তারা সীমিত করতে বাধ্য হয়েছে। বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া রিপোর্টে (World Bank, 2022) উল্লেখ করা হয়েছে যে, "The poorest 20% of the population experience disproportionately higher inflation than the wealthiest 20%," যা বাংলাদেশের বৈষম্যপূর্ণ অর্থনৈতিক বাস্তবতার একটি সুস্পষ্ট প্রতিফলন। জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP, 2023) আরও উল্লেখ করেছে যে, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি বহুমাত্রিক দারিদ্র্য বৃদ্ধি করে এবং সমাজে বৈষম্যের মাত্রা বাড়িয়ে তোলে। গণমাধ্যমের প্রতিবেদন (Prothom Alo, 2024) অনুযায়ী, শহুরে নিম্নআয়ের মানুষদের অনেকেই তিন বেলার খাবারের পরিবর্তে দুই বেলায় নেমে এসেছে, যা চলমান সংকটের একটি বাস্তব চিত্র।

**গবেষণার উদ্দেশ্য:**

গবেষণার মূল উদ্দেশ্য তিনটি

- দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্গে আর্থসামাজিক বৈষম্যের সম্পর্ক বিশ্লেষণ করা।
- নিম্নআয়ের পরিবারের খাদ্য নিরাপত্তা ও পুষ্টিগত অবস্থার পরিবর্তন অনুধাবন করা।
- সরকারি সহায়তা ও সামাজিক সুরক্ষা বেষ্টনীর কার্যকারিতা মূল্যায়ন করা।

## গবেষণা পদ্ধতি

এই গবেষণাটি পরিমাণগত গবেষণা হিসেবে পরিচালিত হয়। তথ্য সংগ্রহের জন্য গুগল ফর্ম ও মুদ্রিত প্রশ্নপত্র ব্যবহার করা হয়। মোট ১৩২ জন উত্তরদাতার কাছ থেকে তথ্য সংগৃহীত হয়েছে। প্রশ্নপত্রে বদ্ধ ও উন্মুক্ত উভয় ধরনের প্রশ্ন অন্তর্ভুক্ত ছিল। উত্তরদাতাদের মধ্যে শহর ও গ্রামীণ উভয় অঞ্চলের নিম্নআয়ের জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করা হয়েছিল।

**নীতিবিষয়ক বিবেচনা:** অংশগ্রহণকারীদের সম্মতি নেয়া হয়েছে এবং ব্যক্তিগত তথ্য গোপন রাখা হয়েছে।

## ফলাফল

নিম্নে মূল ফলাফলগুলো উপস্থাপন করা হলো:

**জনমিতি ও আর্থিক পরিস্থিতি:**

- গড় বয়স: ৩৪.২ বছর (SD = ১০.৮৭)
- লিঙ্গ: পুরুষ ৭৮.৬%, নারী ২১.৪%
- গড় পারিবারিক সদস্য সংখ্যা: ৫.০৯ (SD = ১.৯৮)
- গড় মাসিক আয়: ১৩,০২৫ টাকা (SD = ১১,১১৭.৩২)
- ৬১.৮% নিজস্ব বাসস্থানে, ৩৩.৬% ভাড়া বাসায়, এবং ৪.৬% বস্তিতে বসবাস করেন।

**দ্রব্যমূল্য বৃদ্ধির প্রভাব:**

- ৯৪.৭% উত্তরদাতা মূল্যস্ফীতির সরাসরি প্রভাব অনুভব করেছেন।
- ৩৮.২% খাদ্য গ্রহণের পরিমাণ কমিয়েছেন।
- ৯৩.৯% মাংস এবং ৫৭.৩% মাছ খাওয়া কমিয়েছেন।
- ৬৪.৯% স্বাস্থ্য ব্যয় কমিয়েছেন এবং ১৪.৫% শিশুদের পড়াশোনা বন্ধ করতে বাধ্য হয়েছেন।
- ৯৮.৫% মনে করেন, দ্রব্যমূল্য বৃদ্ধি ধনী-দরিদ্র বৈষম্য বাড়াচ্ছে।

**সরকারি সহায়তা:**

- মাত্র ৩২.১% কোনো সরকারি সহায়তা পেয়েছেন।
- সহায়তা প্রাপ্তদের মধ্যে ৯০.৯% মনে করেন এই সহায়তা অপর্যাপ্ত।

## আলোচনা

গবেষণার ফলাফল স্পষ্টভাবে নির্দেশ করে যে দ্রব্যমূল্য বৃদ্ধি বাংলাদেশের নিম্নআয়ের জনগোষ্ঠীর জীবনযাত্রাকে গভীরভাবে প্রভাবিত করছে। এটি কেবল অর্থনৈতিক নয়, বরং সামাজিক বৈষম্য ও পুষ্টিগত নিরাপত্তার ক্ষেত্রেও সংকট সৃষ্টি করছে।

**১. অর্থনৈতিক বৈষম্য বৃদ্ধি:** গড় মাসিক আয়ের বিশ্লেষণে দেখা যায়, নিম্ন আয়ের পরিবারগুলো তাদের সীমিত আয়ের একটি বড় অংশ খাদ্য ও চিকিৎসায় ব্যয় করছে। মূল্যবৃদ্ধি তাদের ক্রয়ক্ষমতা হ্রাস করে সমাজে শ্রেণিবৈষম্যকে বাড়িয়ে তুলছে (BBS, 2023; UNDP, 2023)।

**২. খাদ্য ও পুষ্টি নিরাপত্তার সংকট:** গবেষণায় দেখা যায়, প্রোটিন-সমৃদ্ধ খাবারের (মাংস, মাছ) ব্যবহার নাটকীয়ভাবে কমে গেছে। এটি দীর্ঘমেয়াদে অপুষ্টি ও স্বাস্থ্যঝুঁকি বাড়াবে (CPD, 2023; World Bank, 2022)।

**৩. সামাজিক সুরক্ষা ও সরকারি সহায়তার সীমাবদ্ধতা:** মোট অংশগ্রহণকারীর মাত্র এক-তৃতীয়াংশ সরকারি সহায়তা পান, এবং অধিকাংশই এটিকে অপর্যাপ্ত মনে করেন। এটি বিদ্যমান সামাজিক সুরক্ষা কর্মসূচির দুর্বলতা নির্দেশ করে এবং টার্গেটেড সহায়তা ব্যবস্থার প্রয়োজনীয়তা তুলে ধরে।

**৪. সমাজবিজ্ঞানের দৃষ্টিকোণ:** মূল্যস্ফীতি কেবল বাজারব্যবস্থার সমস্যা নয়; এটি সমাজে শ্রেণিবিন্যাস, সামাজিক মর্যাদা ও ক্ষমতার ভারসাম্যের প্রশ্নও উত্থাপন করে। ক্রমবর্ধমান বৈষম্য সমাজে অসন্তোষ, হতাশা ও অস্থিরতা বাড়াতে পারে (Prothom Alo, 2024)।

**সুপারিশ**

- খাদ্য নিরাপত্তা জোরদার: নিম্নআয়ের পরিবারগুলোর জন্য খাদ্যপণ্যে ভর্তুকি ও স্থানীয় উৎপাদনে বিনিয়োগ বাড়ানো।
- সামাজিক সুরক্ষা সম্প্রসারণ: সহায়তা কর্মসূচির পরিধি ও কার্যকারিতা বৃদ্ধি করা।
- নীতি পুনর্বিন্যাস: মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সরকারি নীতিমালা ও তদারকি জোরদার করা।
- গবেষণা সম্প্রসারণ: ভবিষ্যতে বৃহত্তর ও গ্রামীণ ভিত্তিক নমুনায় গবেষণা পরিচালনা করা।

## উপসংহার

এই গবেষণার ফলাফল স্পষ্টভাবে নির্দেশ করে যে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি বাংলাদেশের নিম্নআয়ের জনগোষ্ঠীর জীবনযাত্রায় গভীর প্রভাব ফেলছে। এটি খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্যসেবা ও শিক্ষার ক্ষেত্রে সংকট তৈরি করছে এবং সমাজে বৈষম্যের মাত্রা বাড়িয়ে তুলছে। সমাজবিজ্ঞানীয় দৃষ্টিকোণ থেকে এটি কেবল অর্থনৈতিক সংকট নয়, বরং সামাজিক ন্যায্যতা ও মানবিক মর্যাদার প্রশ্নও। অতএব, রাষ্ট্রীয় পর্যায়ে লক্ষ্যভিত্তিক নীতি, কার্যকরী সহায়তা কর্মসূচি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ অপরিহার্য।

**গবেষণার সীমাবদ্ধতা**

নমুনা সংখ্যা তুলনামূলকভাবে ছোট (N = 132) এবং তথ্য শহরকেন্দ্রিক হওয়ায় ফলাফল পুরো দেশের প্রেক্ষাপটে সাধারণীকরণে সীমাবদ্ধতা রয়েছে।

## তথ্যসূত্র

Bangladesh Bureau of Statistics. (2023). *Consumer Price Index Report 2023*. Dhaka: BBS.

Centre for Policy Dialogue. (2023). *Inflation and Household Welfare in Bangladesh*. Dhaka: CPD.

World Bank. (2022). *South Asia Economic Focus: Coping with Shocks*. Washington, DC: World Bank.

United Nations Development Programme. (2023). *Human Development Report 2023*. New York: UNDP.

Prothom Alo. (2024, February 5). দ্রব্যমূল্যের এই লাগামছাড়া উর্ধ্বগতি শহরের নিম্নআয়ের মানুষকে দিশেহারা করে তুলছে। Dhaka: Prothom Alo.